



বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ  
প্রধান কার্যালয়ঃ দুগ্ধ ভবন  
১৩৯-১৪০ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা- ১২০৮  
[www.milkvita.org.bd](http://www.milkvita.org.bd)



স্মারক নং- মিই/প্রশা/কব্যন-১২২- ১০৩৭

তারিখ: ২৭ আষাঢ় ১৪২৮  
১২ জুলাই ২০২২

### শোক বার্তা

জনাব মোঃ হরমুজ আলী, কর্মকর্তা নং- ১২২, উপ-মহাব্যবস্থাপক (বিপণন) ডিডিপি, গত ১১/০৭/২০২২ খ্রিঃ রোজ সোমবার দুপুর ০১:৪০ ঘটিকায় হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে মৃত্যু বরণ করেছেন ( ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

০২। জনাব মোঃ হরমুজ আলী, ০৭/০৮/১৯৭০ খ্রিঃ তারিখে জামালপুর জেলায় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। তিনি গত ৩০/০১/১৯৯৫ খ্রিঃ তারিখে মিল্ক ইউনিয়নে কনিষ্ঠ কর্মকর্তা (সমিতি) পদে যোগদান করেন। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি মিল্ক ইউনিয়নের বিপণন বিভাগের ইনচার্জ হিসেবে দায়িত্ব পালন করেন। এছাড়া তিনি সমিতি, কারখানা, নিরীক্ষা ও প্রশাসন সহ মিল্ক ইউনিয়নের বিভিন্ন দপ্তরে অত্যন্ত দক্ষতার সাথে দায়িত্ব পালন করেন।

০৩। জনাব মোঃ হরমুজ আলী চাকরি জীবনে অত্যন্ত কর্তব্যপরায়ণ, দক্ষ, নিষ্ঠাবান ও সদালাপী কর্মকর্তা ছিলেন। তিনি মৃত্যুকালে স্ত্রী ও দুই কন্যা সন্তানসহ বহু আত্মীয়-স্বজন এবং অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।

০৪। বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ভিটা) জনাব মোঃ হরমুজ আলী এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তাঁর আত্মার মাগফিরাত কামনা করছে এবং মরহমের পরিবারের প্রতি আন্তরিত সমবেদনা জ্ঞাপন করছে।

মোঃ রফিকুল ইসলাম  
(যুগ্ম-সচিব)

ব্যবস্থাপক পরিচালক (মিল্ক ইউনিয়ন)

ফোন: ৮৮৭০৪৩

E-mail: [hrdivision.milkvita@gmail.com](mailto:hrdivision.milkvita@gmail.com)